

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৮৫৪.১৫-১২৪(৩)

তারিখঃ ২৬/০৯/২০২১ খ্রিঃ

অফিস আদেশ

জনাব শিরীন শীলা, পিতাঃ মোঃ সোবহান জোয়ার্দার, স্থায়ী ঠিকানা- গ্রামঃ হরিহরা, ডাকঘরঃ বিপ্রবগদিয়া, উপজেলাঃ শৈলকূপা, জেলাঃ ঝিনাইদহ-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'তে মাঠ সংগঠক হিসেবে স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৭৯ তারিখঃ ০২/০৮/২০১৮ খ্রিঃ মূলে জারিকৃত আদেশে ইরেসপো প্রকল্প হতে চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে কর্মসূচি'তে স্থানান্তর করা হয়।

২। জনাব শিরীন শীলা, মাঠ সংগঠক (বর্তমানে বাঘারপাড়া, যশোর কর্মরত) চৌগাছা, যশোর উপজেলায় কর্মকালীন তাঁর ব্লকভূক্ত সমিতির সুফলভোগী হতে ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত ৯২১১৪৬.০০ (নয় লক্ষ একশ হাজার একশত ছেচল্লিশ হাজার) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে হস্তমজুদ/আত্মসাৎ করার বিষয়টি লিখিতভাবে স্বীকার করেন এবং বর্ণিত অনিয়ম উৎঘাটন পরবর্তীতে উক্ত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করেন। তাই তাকে শাস্তিমূলকভাবে স্মারক নং ৪৭.৬২.০০০.৯৬৬.০০.০৬৫.১২-৫২৭ তারিখঃ ০৭/০১/২০২১ খ্রিঃ মূলে বাঘারপাড়া, যশোর বদলি করা হয়।


৩। জনাব শিরীন শীলা, মাঠ সংগঠক (বর্তমানে বাঘারপাড়া, যশোর কর্মরত) বদলিকৃত কর্মস্থলে যোগদানের পূর্বে পুনরায় চৌগাছা, যশোর এ তাঁর ব্লকভূক্ত সমিতির সুফলভোগীর পাশ বই ও ডব্লিউসিএস অনুযায়ী আদায়কৃত সঞ্চয় বাবদ ৪৩২৫৯.০০ টাকা ও ঋণের কিস্তি বাবদ ৪১৩১৩১.০০ টাকা এবং সদস্যদের থেকে আদায়কৃত ৬১০০.০০ টাকাসহ সর্বমোট ৪৬২৪৯০.০০ (চার লক্ষ বাষট্টি হাজার চারশত নব্বই) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে হস্তমজুদ/আত্মসাৎ করেন এবং এ বিষয়ে তিনি লিখিত স্বীকারোক্তি দিয়েছেন।

৪। জনাব শিরীন শীলা, মাঠ সংগঠক (বর্তমানে বাঘারপাড়া, যশোর কর্মরত) কর্তৃক চৌগাছা, যশোর উপজেলায় কর্মকালীন তাঁর ব্লকভূক্ত সমিতিসমূহের বিভিন্ন সদস্যর নামে বিতরণকৃত ঋণ এবং ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত কিস্তি'র অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে সর্বমোট ১৩৮৩৬৩৬.০০ (তের লক্ষ তিরিশি হাজার ছয়শত ছত্রিশ) টাকা হস্তমজুদ/আত্মসাৎ করার বিষয়টি প্রমাণিত। এছাড়া বর্ণিত মাঠ সংগঠক কর্তৃক সুফলভোগী হতে আদায়কৃত অর্থ হস্তমজুদ/আত্মসাৎ করা নিয়মিত অভ্যাসে পরিণত হওয়ার বিষয়টি প্রমাণিত।

৫। জনাব শিরীন শীলা, মাঠ সংগঠক (বর্তমানে বাঘারপাড়া, যশোর কর্মরত) কর্তৃক হস্তমজুদ/আত্মসাতকৃত সর্বমোট ১৩৮৩৬৩৬.০০ (তের লক্ষ তিরিশি হাজার ছয়শত ছত্রিশ) টাকার মধ্যে অদ্যাবধি ৪৫২৪৯০.০০ টাকা অপরিশোধিত রয়েছে।

এমতাবস্থায়, জনাব শিরীন শীলা, মাঠ সংগঠক (বর্তমানে বাঘারপাড়া, যশোর কর্মরত) কর্তৃক চৌগাছা, যশোর উপজেলায় কর্মকালীন তাঁর ব্লকভূক্ত সমিতিসমূহের বিভিন্ন সদস্যর নামে বিতরণকৃত ঋণ এবং ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত কিস্তি'র অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না দিয়ে সর্বমোট ১৩৮৩৬৩৬.০০ (তের লক্ষ তিরিশি হাজার ছয়শত ছত্রিশ) টাকা হস্তমজুদ/আত্মসাৎ করাসহ আত্মসাতের বিষয়ে লিখিত স্বীকারোক্তি প্রদান এবং হস্তমজুদ/আত্মসাৎ তাঁর নিয়মিত অভ্যাসে পরিণত হওয়ার বিষয়টি প্রমাণিত হওয়ায় কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ২(৬) শর্তানুযায়ী তাঁর সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হলো। এছাড়া জনাব শিরীন শীলা কর্তৃক হস্তমজুদ/আত্মসাতকৃত অপরিশোধিত ৪৫২৪৯০.০০ টাকা আগামী ০২ মাসের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদানসহ ভবিষ্যতে তাঁর কর্মকালীন কোন হস্তমজুদ/আত্মসাৎ এর তথ্য উৎঘাটন হলে তা পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে হস্তমজুদ/আত্মসাতকৃত সরকারী অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।



মোহাম্মদ হাশেমুল আকাম
কর্মসূচি পরিচালক

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. জনাব শিরীন শীলা, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ বাঘারপাড়া, জেলাঃ যশোর।
স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মোঃ সোবহান জোয়ার্দার, স্থায়ী ঠিকানা- গ্রামঃ হরিহরা, ডাকঘরঃ বিপ্রবগদিয়া,
উপজেলাঃ শৈলকূপা, জেলাঃ ঝিনাইদহ।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ চৌগাছা/বাঘারপাড়া, জেলাঃ যশোর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ চৌগাছা, জেলাঃ যশোর
(নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত মাঠ সংগঠক কর্তৃক হস্তমজুদ/আত্মসাতকৃত সমুদয় অর্থ পরিশোধ না করলে তার
বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং উক্ত মামলা পরিচালন ব্যয় নির্বাহের জন্য সদর
দপ্তর হতে অর্থ ছাড় করা হবে।)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ বাঘারপাড়া, জেলাঃ যশোর।
৫. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৭. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক